টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাক্সন সিণ্ডিকেট

ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন

৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
(দাদাঠাকুর)

আধুনিক
ডিজাইনের
= বিয়ের =
কার্ড
পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ২৬শে শ্রাবণ বুধবার, ১৩৭৭ ইং 12th Aug. 1970 { ১৩শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধূলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লি

সুরভী ঘৃত ভাণ্ডার

উৎকৃষ্ট গাওয়া ও ভইসা ঘি-এর
নির্ভর-যোগ্য নূতন প্রতিষ্ঠান।

রঘুনাথগঞ্জ — পাকুড়তলা

স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

বাড়ি ফিরে এসে ধরিনু আবার
শাক, চচ্চড়ি, টক্,
দিন দুই আবুহোসেনী করিয়া
এল দীন বিদূষক।
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৬শে শ্রাবণ বুধবার সন ১৩৭৭ সাল।

## ॥ নির্বাচনী ক্যামোফ্লেজ ॥

পশ্চিমবঙ্গের রাজনীতি এখন কোন্ পথে? এই প্রশ্ন কেহ তুলিলে বলা যায় রাজভবনের পথে। শ্রীধাওয়ান সকাশে সকলে ধাবমান। উদ্দেশ্য নির্বাচন চাই; কেহ চান নভেম্বরে, কেহ বা ১৯৭১ এর ফেব্রুয়ারীর দিকে। রোগীর অভিভাবক যখন প্রিয়জনের রোগমুক্তি কামনায় দেবতার কাছে মানত করিতেছেন, শ্মশান ঘাটে চণ্ডাল তখন ঘাটে মড়া আসিয়া তাহার টাকা-সিকা প্রাপ্তি হউক—প্রার্থনা জানাইতেছে। পাথরের দেবতা কাহাকে মদত দিবেন? বৈকুণ্ঠ হইতে ফরমান না আসিলে শ্রীধাওয়ান কী করিতে পারেন? দিল্লীর দিকে 'বসে আছি পথ চেয়ে' ছাড়া উপায় কী আছে?

রাজভবনে নানা মুনি নানা মত দিয়া আসিতেছেন। নিরপেক্ষ শ্রোতা রাজ্যপাল। সি, পি, আই, তথা আরও অনেকে অবিলম্বে নির্বাচন চাহেন। কারণ লোহা গরম থাকাকালেই আঘাত করার দরকার। রাজ্যপাল নাকি সি, পি, আই, নেতা শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়কে বলিয়াছেন যে, জনগণের নির্বাচিত সরকার ব্যর্থ হইয়াছে (কাহারা করিয়াছেন সে প্রশ্ন অবান্তর); তবে কি বৎসরের পর বৎসর নির্বাচনী ব্যবস্থা চালাইয়া যাইতে হইবে? আমরা বলি, মন্দ কী? এই ভাবেই ত আসর গরম থাকে। যাত্রাভিনয়ের আসর ততক্ষণ 'সরোগরো' যতক্ষণ বীর সেনাপতি প্রতিপক্ষের সহিত যুদ্ধাস্ফালন চালান। পশ্চিমবঙ্গে নির্বাচনী-গদাযুদ্ধ সেই মরশুম আনিয়া দিয়াছে।

গতবারে আমরা লিখিয়াছিলাম, এখন চলিবে বিভিন্ন দলের মন জানাজানি। ফল—জোট ভাঙ্গা-ভাঙ্গির পালা। যে কোন উপায়ে রাজ্যের তখ্‌ৎ তাউস পাইতে হইবে। আর তবেই ত—'পাত্র পাব, মিত্র পাব……, বন্দী গান গাইবে……, নকীব নাম হাঁকবে……, দেশে দেশে ছড়িয়ে পড়বে কীর্তি……'; সেই সুখের স্বপ্ন—মহাকরণের ডিম্বাকৃতি অথবা অশ্বখুরাকৃতি টেবিল—সাংবাদিকেরা বার বার বিরক্ত করিতেছেন—ঘন ঘন টেলিফোন ডাকিতেছে—পাশে ফাইল (পর্বতাকৃতি) স্বাক্ষর-চিহ্নের কাকুতি লইয়া—দলীয় কোন্দলের সূতা পাকান চলে—বিদেশীদের আপ্যায়নে হাসিমুখে ক্যামেরার সামনে দাঁড়াইতে হয়। কিন্তু এখনও যে নির্বাচন হয় নাই। হাঁ, নির্বাচন ভণ্ডুল করিয়াছি; আবার চাহিতেছি। চতুর্থ সাধারণ নির্বাচনের কর্মকালে আমরা এই রাজ্যে এইটি লইয়া তিনটি নির্বাচন করিব। জনগণ আমাদের মর্মব্যথা বুঝেন। তাঁহাদের সম্মুখে আমরা এইবার বত্রিশ দ্বিগুণিত চৌষট্টি-কলাপূর্ণ সহৃদয় কর্মসূচীর ট্যান্‌টালাদের পাত্র তুলিয়া ধরিব।

সুতরাং 'আই ভোটাররা'। এখন আবার দল কী? দলের নীতি, দলের আদর্শ ভোটযুদ্ধে সামিল হইয়া কাজ হাসিল হওয়ার পর। যে অচ্ছুৎ তাহার সহিত এখন গলাগলি বা ঢলাঢলিতে কোন বাধা নাই। আতুরে নিয়ম কী? আদর্শ ভোট, লক্ষ্য গদি। সেই লক্ষ্যে পৌছাইতে দিকে দিকে নানা কায়দা। বাংলা কংগ্রেস তাই জাতীয় গণতান্ত্রিক দল গঠনের প্রোগ্রাম করিতে পারেন; মৌলিক দৃষ্টিভঙ্গীর পার্থক্য ঢাকা দিয়া সি, পি, আই ও বাংলা কংগ্রেস মিতালিতে বাঁধা পড়িতে পারেন; ফরওয়ার্ড ব্লক নানা কথার জাল বুনিয়া পৃথক মোরচার বন্দোবস্ত করিতে পারেন; সি, পি, এম, বসিয়া বসিয়া প্রহর গণিবেন ইহাও কি হয়? তখন নেপো আসিয়া দই মারুক আর কি!

রাজ্যের এই বিপৎপাতে রাজনৈতিক দলসমূহের অশ্রুপাত। কারণ, জনগণের কল্যাণ কামনায় তাঁহাদের সদিচ্ছার অন্ত নাই। মনে হয়, জনগণই এইবার সহানুভূতির অশ্রু বিসর্জন করিবেন। নির্বাচন এমনই একটা অস্ত্র যাহার প্রয়োগে দল-মত-লক্ষ্য-আদর্শ-নীতি নির্বিশেষে জোট বাঁধার অবকাশ আনিয়া দেয়। অন্ততঃ এইবারের নির্বাচনে তাহাই হইতে পারে। আগে চাহি জয়, তাহার পর অন্য কথা। কেহ যেন বুঝিতে না পারেন যে, নূতন নূতন মোরচায় কোন্ দল কাহার প্রতি কতটা আন্তরিক বা সহৃদয়। যুদ্ধের পরই মুখোশ খুলিবার রীতি। আগামী অন্তর্বর্তী নির্বাচনে এই প্রকারের ক্যামোফ্লেজ চলা বিচিত্র নয়। তবে জনগণও বার বার ঘা খাইয়াছেন; সুতরাং ক্যামোফ্লেজ ধরিয়া ফেলিতে কতক্ষণ?

---

## ঠাঁই নাই—ঠাঁই নাই

পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানের মত জঙ্গিপুর কলেজেও আসন সংখ্যার অভাবে এবার অনেক স্থানীয় ছাত্র-ছাত্রী কলেজে স্থান পায়নি। উক্ত ছাত্র-ছাত্রীরা হতাশায় দিন কাটাচ্ছে। অভিভাবকের বহু কষ্টার্জিত অর্থ ব্যয়ে লেখা পড়া যদি এইভাবে বন্ধ হয়ে যায় তবে এর চেয়ে দুঃখ আর কি থাকতে পারে। শোনা গিয়েছিল—যে সব ছাত্র-ছাত্রী কলেজে আসন পায়নি সেইসব ছাত্র-ছাত্রীদের জন্য নবাগত অধ্যক্ষ মহাশয় 'প্রাতঃ কলেজ' খোলার চেষ্টা করছেন। তারপর কি হল জানা যায়নি। বোধহয় সংশ্লিষ্ট উপর মহল এর কোন গুরুত্ব দিচ্ছেন না, আর না হয় কলেজ পরিচালক-মণ্ডলীর এই বিষয়ে উৎসাহের অভাব।

---

## সন্তরণ প্রতিযোগিতা

মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা আয়োজিত ৭২ কিঃ মিঃ ও ১৯ কিঃ মিঃ দূরপাল্লার সাঁতার প্রতিযোগিতা আগামী ৩০শে আগষ্ট অনুষ্ঠিত হচ্ছে। যোগদানের শেষ তারিখ ২০শে আগষ্ট, ১৯৭০। যোগাযোগ করুন—যুগ্ম-সম্পাদক, মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা, পোঃ খাগড়া, বহরমপুর, মুর্শিদাবাদ।

---

# ত্রৈলোক্য মহারাজ আর নাই

অগ্নিযুগের মহান্ বিপ্লবী অশীতিপর বৃদ্ধ ত্রৈলোক্যনাথ চক্রবর্ত্তী ( মহারাজ ) মহাশয় গত ৮ই আগষ্ট শনিবার ভোর রাত্রি সাড়ে তিনটায় নয়া-দিল্লীতে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃতদেহ বিমানযোগে কলিকাতায় নিয়ে আসা হয়। কেওড়াতলা শ্মশানে শেষকৃত্য সম্পন্ন হয়। এই দুঃসংবাদ শহরের কোলাহল পূর্ণ পরিবেশ থেকে গ্রাম বাংলার পল্লীর শান্ত পরিবেশে ছড়িয়ে পড়লে সকল স্থানে শোকচ্ছায়া নেমে আসে। আবালবৃদ্ধবনিতা সকলের চোখে নেমে আসে অশ্রুধারা। সকলেই যেন তাদের আপনজনের বিয়োগ ব্যথায় ব্যথিত। অল্পদিন আগে তিনি মুর্শিদাবাদ জেলা পরিক্রমা করতে এসেছিলেন। জেলাবাসী তাঁকে দেখে ও তাঁর পায়ের ধূলো নিয়ে নিজেদের ধন্য মনে করেছেন, তিনিও অতি স্নেহভরে তাদের বুকে জড়িয়ে ধরেছেন। তিনি চেয়েছিলেন দুই বাংলার মানুষের হৃদয়কে একই সূত্রে বেঁধে দিতে। বর্ত্তমান কালের মানুষ, আমরা কি তাঁর আদর্শ-নীতির প্রকৃত মর্য্যাদা দিতে পারব ? আমরা এই মহান্ বিপ্লবী নায়কের প্রতি ভক্তি বিনম্র শ্রদ্ধা জানাই।

---




এক বছর আগে টাকা জমা নিয়েও দিনহাটা সাহেবগঞ্জ রোডে বৈদ্যুতিক বাতি হল না বলে অভিযোগ।

দিন-হাঁটার রাস্তায় বাতির দরকার নেই বলে বোধ হয়!

* * *

কলিকাতার পৌর প্রাথমিক স্কুলের এক উর্দ্দু শিক্ষক উর্দ্দুই জানেনা বলে খবর।

—তার আর দরকার কী? সর্বক্ষেত্রেই এর রেওয়াজ। সেই যে—'অচক্ষু সর্বত্র চান, অকর্ণ শুনিতে পান, অপদ সর্বত্র গতাগতি।' আজকাল এই চলে।

* * *

'পাপ্পানার পা থেকে খিদিরপুরের গোলরক্ষক গোল বাঁচাচ্ছেন'—একটি চিত্রের পরিচিতি।

—কিন্তু তাঁর পাপ্-পা-না-র সংখ্যা কমাতে পারেনি। পা চালিয়েই দু গোল করেন।

* * *

গত ৩০শে জুলাই বৃহস্পতিবার ইস্পাত নগরীতে ছুরিকাহত হয়ে আরও এক জনের মৃত্যু হয়।

—ষ্টাফ রিপোর্টার

ইস্পাতের ছুরির ধার পরীক্ষা হচ্ছিল।

* * *

কলিকাতা পৌর সভার জন্য কেন্দ্রীয় অনুমোদিত ঋণের টাকা পাওয়ার উদ্দেশে মেয়র শ্রীপ্রশান্ত শূর রাজ্যপালের কাছে ব্যর্থ দরবার করলেন।

—তিনি যে ঠিক সুর মেলাতে পারেন নি।

* * *

২রা আগষ্ট নব কংগ্রেস নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় কংগ্রেস কর্মীদের বলেছেন 'সি, পি, এম-এর সঙ্গে কোন প্রশ্নেই আঁতাত নয়'। তিনি 'বঙ্গ-লক্ষ্মীকে পুনঃপ্রতিষ্ঠিত' করার জন্য তাঁর কমরেডদের আহ্বান জানান।

সি, পি, এম তাঁদের সঙ্গে আঁতাত করবে? ব্যাঘ্রে-বৃষভে সমন্বয় ঘটানর নরপুঙ্গবটি কে? তা শ্রীরায় ঠিকই বলেছেন। যখন কংগ্রেসী শাসনে বঙ্গলক্ষ্মী প্রতিষ্ঠিতা ছিলেন, তখন তিনি কোথায় ছিলেন? সত্যি সেলুকাস ......!'

---

## মিডল স্কলারশিপ পরীক্ষায় সাফল্য

এবারের মিডল স্কলারশিপ পরীক্ষায় রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র রঘুনাথগঞ্জ হরিদাসনগর নিবাসী শ্রীবঙ্কিমচন্দ্র নাথ মহাশয়ের পুত্র শ্রীমান্ সুপ্রিয় নাথ সাফল্য লাভ করিয়াছে। সে মাসিক ৫ টাকা হারে বৃত্তি পাইবে। শ্রীমান্ প্রাথমিক পরীক্ষাতেও বৃত্তি পাইয়াছিল। অটুট স্বাস্থ্যসহ লেখাপড়ায় তাহার ক্রমোন্নতি কামনা করি।

---

Wanted a B. Sc. in deputation vacancy. Apply immediately to Secretary, Banshabati High School. Banshabati Dist—Murshidabad.

---

**সাম্রাজ্যবাদী বৃটিশ বন্দীশালায় ৩০ বৎসর কারা-লাঞ্ছিত অনুশীলন সমিতির নেতা, মহান বাঙালী, বিপ্লবী গৌরব**

**মহারাজ ত্রৈলোক্যনাথ চক্রবর্ত্তী**

**মহাশয়ের উদ্দেশ্যে**

**ঃ শ্রদ্ধার্ঘ্য ঃ**

( সু—মো—দে )

হে ত্রৈলোক্য মহারাজ তুমি
জাগ্রত মহাপ্রাণ,
বিপ্লবীদল অনুশীলনের
তুমি নেতা সুমহান।

তরুণ বয়স হইতে হে তুমি
মুক্ত করিতে চাহিলে এ-ভূমি,
ভারত মাতার পরাধীনতার
করিবারে অবসান—
দৃঢ় পণ নিলে শুরু করে দিলে
বিপ্লবী অভিযান।

বৃটিশ পীড়ন সহি বারে বারে
তিরিশ বছর ছিলে কারাগারে,
আমলাতন্ত্রে শাসনযন্ত্রে
ভাঙিয়াছ খান্ খান্—
লভিল জনতা পূত স্বাধীনতা
গাহে জাতি জয়গান।

বাংলা মায়ের দামাল ছেলে
তোমার অসীম দান,
নাও হে জাতির অভিনন্দন
বঙ্গ সুসন্তান।

---

খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

জবাকুসুম কেশ তৈল

সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২



KALPANA.J.K-84-B



ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।
এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |


## শিবমন্দিরে চুরি

গত ২১শে শ্রাবণ শুক্রবার রাত্রে সাগরদীঘি থানার নওপাড়া গ্রামের শিবমন্দির হইতে শিবলিঙ্গ, গণেশ, নারায়ণ শালগ্রাম ও তৈজসপত্রাদি চুরি গিয়াছে। কিছুদিন হইতে দেশে দেবমন্দিরের বিগ্রহ চুরির হিড়িক পড়িয়াছে। একেই বলে—'চোরা না শুনে ধর্ম্মের কাহিনী'।

## প্রাথমিক পরীক্ষায় বৃত্তি লাভ

১৯৬৯ সালের প্রাথমিক শেষ পরীক্ষায় নিম্নের ছাত্র-ছাত্রীরা মাসিক ৩ টাকা হিসাবে বৃত্তি লাভ করিয়াছে। ১৯৭০ সালের জানুয়ারী মাস হইতে এই বৃত্তি পাওয়া যাইবে।

শ্রীউৎপলেন্দু পাল—খান্দুয়া প্রাঃ স্কুল, শ্রীসুভাষ চ্যাটার্জ্জি—বোখারা প্রাঃ স্কুল, সেখ সামশুজ্জোহা—কৈয়ড় প্রাঃ স্কুল, কুমারী নাসেম বানু—বাহালনগর প্রাঃ স্কুল, কুমারী মঞ্জেরীণ খাতুন—ভোলা প্রাঃ স্কুল,

## পিস্তলসহ দুঃসাহসিক যুবক ধৃত

সম্প্রতি আজিমগঞ্জ জংসন ষ্টেশনে রাত্রে পিস্তলসহ একজন যুবক ধরা পড়ে। বিবরণে প্রকাশ—টিকিট-পরীক্ষক টিকিট চাইলে যুবকটি দৌড় দেয়—সেই সময়ে পিস্তলটি পড়ে যায়। লোকজন পিছনে ধাওয়া করিলে সে বেগতিক দেখিয়া ভাগীরথী নদীতে ঝাঁপাইয়া পড়ে। নৌকার মাঝিরা নৌকা ছেড়ে তাহাকে ঘিরে ফেলে এবং বাঁশের লগার আঘাতে আহত অবস্থায় তাহাকে জল হইতে উঠিয়ে পুলিশের হাতে দেয়। তাহার সঙ্গে কয়েকজন সঙ্গী ছিল বলিয়া প্রকাশ। উহারা অন্ধকারে গা ঢাকা দেয়। উহারা আজিমগঞ্জ শহরে বন্দুকসহ হানা দিবার চেষ্টা করে কিন্তু স্বেচ্ছাসেবক বাহিনীর তৎপরতায় বিফল মনোরথ হইয়া বন্দুক ফেলিয়া পালাইয়া যায়।